

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.১৬.৩৬১.২০-৫০২

তারিখঃ ২৪/০৮/২০২০

বিষয়ঃ বিদেশ ফেরত প্রবাসী যুবদের তথ্য প্রদান।

সূত্রঃ ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের স্মারক নং ৪৯.০৪.০০০০.০০৫.০৫.০৩২.২০২০(অংশ-০৩)-১৩১, তাং-১৬ মে, ২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন বিশ্বব্যাংকের সহায়তাপুষ্ট “Recovery and Advancement of Informal Sector Employment (RAISE)” শীর্ষক প্রকল্পে বিদেশ ফেরত যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য তথ্য প্রয়োজন।

০২। এমতাবস্থায়, ২০১৫ সালের পর থেকে অদ্যাবধি যুব উন্নয়ন অধিদপ্তর এবং অন্যান্য দপ্তর/সংস্থা থেকে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন বিদেশ প্রত্যাগত যুবদের তথ্য আগামী ০৭/০৯/২০২০খ্রি. তারিখের মধ্যে সংযুক্ত ‘ছক’ মোতাবেক সফট কপি শুধুমাত্র Nikosh ফর্মে dirtraining@dyd.gov.bd ই-মেইলে এবং হার্ডকপি নিম্নস্বাক্ষরকারী বরাবর অগ্রায়ণপত্রসহ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ০১(এক) পাতা।

(খোন্দকার মোস্তাফিজুল আলী)
পরিচালক(প্রশিক্ষণ)
(যুগ্ম সচিব)

ফোন-০২-২২৩৩৮০৭০৩

E-mail. dirtraining@dyd.gov.bd

প্রাপক

০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর.....(সকল জেলা)। (তাকে সংশ্লিষ্ট জেলার যুব প্রশিক্ষণ কেন্দ্র এবং সকল উপজেলার অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণপ্রাপ্ত এবং অন্যান্য দপ্তর/সংস্থা প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন বিদেশ প্রত্যাগত যুবদের তালিকা সংগ্রহপূর্বক সমন্বিত করে নির্ধারিত ছকে প্রেরণের অনুরোধসহ)

অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক/প্রকল্প পরিচালক.....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।(পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

০৩। কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র.....(সকল জেলা)। (তাকে আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্র হতে প্রশিক্ষণ প্রাপ্ত বিদেশ প্রত্যাগত যুবদের তালিকা সংশ্লিষ্ট জেলা কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণের নির্দেশনাসহ)

০৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর,(সকল) উপজেলা.....(জেলা)। (তাকে সংশ্লিষ্ট উপজেলা হতে অপ্রাতিষ্ঠানিক এবং অন্যান্য দপ্তর/সংস্থা থেকে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন বিদেশ প্রত্যাগত যুবদের তালিকা সংশ্লিষ্ট জেলা কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণের নির্দেশনাসহ)

০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৬। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।(মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৭। অফিস কপি।

‘ছক’

নং	বিদেশ প্রত্যাগত যুবর নাম	মাতা ও পিতার নাম	ঠিকানা	সক্রিয় মোবাইল নাম্বার	জাতীয় পরিচয়পত্র নং	পাসপোর্ট নাম্বার	বিদেশ থেকে প্রত্যাগমনের সাল	যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ প্রাপ্ত কি না (হ্যাঁ/না)	অন্যান্য দপ্তর/সংস্থা থেকে প্রশিক্ষণ প্রাপ্ত কি না (হ্যাঁ/না)	প্রশিক্ষণবিহীন যুব কি না (হ্যাঁ/না)	কোনো কারণে পাসপোর্ট না থাকলে বিদেশ থেকে প্রত্যাগমনের স্বপক্ষে অন্যান্য প্রমাণক (বিমান টিকেট/দূতাবাস কর্তৃক আউট পাস/অন্য কোন প্রমাণক)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২

বিশেষ দৃষ্টব্য: প্রমাণকসমূহ আলাদা পৃষ্ঠায় সংযুক্ত করতে হবে।

২
২৪/১৫
২৬